

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৯৫৯(আগরতলা ২৬।০২)

ধর্মনগর, ২৬ ফেব্রুয়ারি, ২০২৪

ধর্মনগরে জমি সংক্রান্ত মামলা নিষ্পত্তিতে শিবির

জমি সংক্রান্ত মামলা নিষ্পত্তির জন্য আজ উত্তর ত্রিপুরা জেলার ধর্মনগরে এক বিশেষ শিবির অনুষ্ঠিত হয়। উত্তর ত্রিপুরা জেলা প্রশাসনের উদ্যোগে ধর্মনগরের অর্ধেন্দু ভট্টাচার্য স্মৃতি ভবনে এই শিবিরের আয়োজন করা হয়। শিবিরে উপস্থিত ছিলেন জেলাশাসক দেবপ্রিয় বর্ধন, অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস, অতিরিক্ত জেলাশাসক সজল বিশ্বাস ও জেলার তিন মহকুমার মহকুমা প্রশাসনের আধিকারিকগণ। শিবিরে জেলাশাসক জানান, জমি সংক্রান্ত বিচারাধীন মামলাগুলি দ্রুত নিষ্পত্তির জন্যই এই শিবিরের আয়োজন করা হয়েছে। শিবিরে ১২৫টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হয়। এরমধ্যে ৭৯টি মামলার নিষ্পত্তি হয়েছে।

\*\*\*\*\*